# জাতীয় বিশ্ববিদ্যালয়
## পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর
## বাংলাদেশ

স্মারকনং-জাতীঃবিঃ/পনি/মাফা/২০২৩/২০২৫/১০০২ তারিখ ঃ ২৫/০৯/২০২৫

### ২০২৩ সালের মাস্টার্স শেষ পর্বের ইনকোর্স পরীক্ষা সংক্রান্ত সংশোধিত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ইনকোর্স পরীক্ষা গ্রহণ ও ক্লাসে উপস্থিতি মূল্যায়ন সংক্রান্ত নির্দেশিকার আলোকে ২০২৩ সালের মাস্টার্স শেষ পর্বের প্রথম ইনকোর্স পরীক্ষা ১২/১০/২০২৫ হতে ৩০/১০/২০২৫ এবং দ্বিতীয় ইনকোর্স পরীক্ষা ১৮/১১/২০২৫ হতে ১১/১২/২০২৫ তারিখের মধ্যে গ্রহণ করতে হবে।

**ইনকোর্স পরীক্ষা গ্রহণ ও উত্তরপত্র প্রেরণের নিয়মাবলী নিম্নে উল্লেখ করা হলো:**

০১। ইনকোর্স পরীক্ষা গ্রহণ ও ক্লাসে উপস্থিতির মূল্যায়ন সংক্রান্ত নির্দেশিকার ভিত্তিতে নম্বর বন্টন করতে হবে;

০২। ইনকোর্স পরীক্ষার ১৫% ও ক্লাসে উপস্থিতির জন্য ৫% এর মধ্যে মূল্যায়ন করতে হবে;

০৩। সংশ্লিষ্ট কলেজ নিজ দায়িত্বে পরীক্ষা গ্রহণ করবে;

০৪। সংশ্লিষ্ট শিক্ষকগণ উত্তরপত্র মূল্যায়ন করবে;

০৫। ইনকোর্স পরীক্ষার মূল্যায়িত উত্তরপত্র ও হাজিরা সীট গালাসীল করে পরিচালক, সংশ্লিষ্ট আঞ্চলিক কেন্দ্র/গাজীপুর ক্যাম্পাসে হাতে হাতে/ডাকযোগে প্রেরণ করতে হবে;

০৬। পরীক্ষার ফরম পূরণের সময় ০২(দুই)টি ইনকোর্স পরীক্ষার গড় নম্বর On-line এ এন্ট্রি দিতে হবে;

০৭। ইনকোর্স নম্বর ও ক্লাসে উপস্থিতির নম্বর ব্যতীত পরীক্ষার ফরম পূরণ করা যাবে না;

০৮। ইনকোর্স নম্বর ইনপুট দেয়ার ক্ষেত্রে সংশ্লিষ্ট সকলকে সতর্ক থাকতে হবে। ইনকোর্স নম্বর ইনপুট দেয়ার পর পরিবর্তন করা যাবে না;

০৯। ০২(দুই) টি ইনকোর্স পরীক্ষার খাতা পৃথক পৃথক প্যাকেট করে এক সঙ্গে পাঠাতে হবে।

**[প্যাকেটের উপর বড় করে "২০২৩ সালের মাস্টার্স শেষ পর্বের ইনকোর্স পরীক্ষা" লালকালিতে লিখতে হবে]**

বিঃদ্রঃ ইতোমধ্যে যে সকল কলেজ স্মারক নং- জাতীঃবিঃ/পনি/মাফা/২০২৩/২০২৫/৯৯০, তারিখ ১৩/০৮/২০২৫ মোতাবেক প্রথম ইনকোর্স পরীক্ষা ২৪/০৯/২০২৫ তারিখ হতে শুরু করেছেন তাদের ক্ষেত্রে গৃহীত পরীক্ষাসমূহ পুনরায় নেয়ার প্রয়োজন নেই।

(মোঃ এনামুল করিম)
পরীক্ষা নিয়ন্ত্রক
জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ
ফোন: ০২-৯৯৬৬৯১৫১৭
ই-মেইল: controller@nu.ac.bd

গাজীপুর ক্যাম্পাসে প্রেরণের ঠিকানা
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক
মাস্টার্স শেষ পর্ব শাখা
জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ, গাজীপুর